গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় শাখা

# মার্চ ২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ১৬ এপ্রিল ২০২৫
সময় : দুপুর: ১১.৩০ ঘটিকা
স্থান : রেলপথ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর-৬০৩)
উপস্থিত : পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

১। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা**<br>২৩ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয় ও প্রশিক্ষণ) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার শূন্য পদ দ্রুত পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয় ও প্রধান উপদেষ্টার কার্যালয়ের নির্দেশনা রয়েছে। এ বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থার শূন্যপদ পূরণের লক্ষ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণ করার জন্য সভায় নির্দেশনা দেওয়া হয়। দপ্তর/সংস্থায় যে সকল পদ প্রেষণে মাধ্যমে পূরণযোগ্য সেগুলোর চাহিদা দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয় প্রেরণসহ উক্ত মন্ত্রণালয়ের সাথে নিয়মিত যোগাযোগ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। বিশেষ করে বিআরটিসি'র চেয়ারম্যান ও ঢাকা বিআরটিএর ব্যবস্থাপনা পরিচালককে দ্রুত পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করার জন্য অতিরিক্ত সচিব (প্রশাসন) ও অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)-কে সভায় পরামর্শ দেয়া হয়। এছাড়া, সওজ অধিদপ্তরের নিয়োগযোগ্য বিসিএস (ক্যাডার) পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে চাহিদাপত্র জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রধান প্রকৌশলী,সওজ অধিদপ্তরকে নির্দেশনা দেয়া হয়। | (ক) দপ্তর/সংস্থার সকল গ্রেডের শূন্য পদ পূরণের লক্ষ্যে দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং শূন্যপদ পূরণে গৃহীত কার্যক্রমের সুনির্দিষ্ট তথ্যসহ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(খ) দপ্তর/সংস্থায় প্রেষণযোগ্য পদে কর্মকর্তা পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ এবং নিয়মিত যোগাযোগ করতে হবে।<br>(গ) বিআরটিসি'র চেয়ারম্যান ও ঢাকা বিআরটিএর ব্যবস্থাপনা পরিচালককে দ্রুত পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট উইং এর সাথে যোগাযোগ করতে হবে।<br>(ঘ) সওজ অধিদপ্তরের নিয়োগযোগ্য বিসিএস (ক্যাডার) পদে কর্মকর্তা নিয়োগের লক্ষ্যে সওজ অধিদপ্তর কর্তৃক চাহিদাপত্র এ বিভাগে প্রেরণ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/(আরবান ট্রান্সপোর্ট)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| ৩. | **অডিট আপত্তির বিবরণী:**<br>সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়: | | |

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭৯১৭ | ১৩০৩ | ৬০১৬ | ৫৯৮ | ০ | ৭৯১৭ | ৭ | ৭৯১০ |
| বিআরটিসি | ১১৮৭ | ১৯৬ | ৮৯১ | ১০০ | ০ | ১১৮৭ | ০ | ১১৮৭ |
| বিআরটিএ | ৩৯৪ | ১৫৩ | ২৪১ | ০ | ০ | ৩৯৪ | ০ | ৩৯৪ |
| ডিটিসিএ | ১৭ | ৫ | ১২ | ০ | ০ | ১৭ | ০ | ১৭ |
| ডিএমটিসিএল | ৩২ | ৮ | ২৪ | ০ | ০ | ৩২ | ০ | ৩২ |
| ঢাকা বিআরটি | ০৮ | ০ | ০ | ০ | ০ | ০৮ | ০ | ০৮ |
| মোট | ৯৫৫৮ | ১৬৬৭ | ৭১৮৬ | ৬৯৮ | ০ | ৯৫৫৮ | ০৭ | ৯৫৫১ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | ফেব্রুয়ারি ২০২৫ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ১৫৫৮ টি। মার্চ'২০২৫ মাসে ০৭টি অডিট আপত্তি নিষ্পত্তি এবং কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় বর্তমানে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ১৫৫১টি। | | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট) |
| | (১) সভায় আলোচনা হয় যে, সওজ অধিদপ্তর ও বিআরটিসি'র বিপুল পরিমান অডিট আপত্তিসহ আওতাধীন দপ্তর/সংস্থায় ১৫৫১টি অডিট আপত্তি পেন্ডিং রয়েছে। এ সকল অডিট আপত্তির সংখ্যা কমিয়ে আনার লক্ষ্যে করনীয় বিষয়ে সকল দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা, অডিট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে সভা করে মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য সভাপতি অতিরিক্ত সচিব (বাজেট)-কে পরামর্শ প্রদান করা হয়। এছাড়া, ত্রি-পক্ষীয় সভা আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) অডিট আপত্তির সংখ্যা কমিয়ে আনার লক্ষ্যে করনীয় বিষয়ে সকল দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তা, অডিট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে সভার আয়োজন করে মতামত/সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিল করতে হবে।<br>(২) ত্রি-পক্ষীয় সভা আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে | |
| 8. | **সড়ক ও জনপথ অধিদপ্তর**<br>**ক. এডিপি'র প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন:**<br>সওজ অধিদপ্তর হতে জানানো হয়েছে, সফটওয়্যারের প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে। বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা চলছে। এডিপি'র সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের মাধ্যমে (পাইলটিং কার্যক্রম) আগামী মে ২০২৫ মাসে চালু করার প্রচেষ্টা অব্যাহত আছে। | এডিপি'র সকল কাজের প্যাকেজভিত্তিক বাস্তবায়ন পরিকল্পনা ও পিএমপি কাজের বাস্তবায়ন পরিকল্পনা সফটওয়্যারের মাধ্যমে (পাইলটিং কার্যক্রম) আগামী মে ২০২৫ মাসের মধ্যে শুরু করতে হবে এবং এ বিষয়ে ৩০ মে ২০২৫ এর মধ্যে এ বিভাগে উপস্থাপনার আয়োজন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **গ. বৃক্ষরোপন:**<br>প্রধান বৃক্ষপালনবিদ, সওজ অধিদপ্তর জানান,<br>(১) বৃক্ষরোপণ মৌসুম অনুযায়ী নিয়ন্ত্রিত সময় অনুসারে যথাযথ নিয়মে বৃক্ষরোপণ কাজ সম্পন্ন করা হয়েছে। নিয়মিত পরিচর্যা এবং গ্যাপ ফিলিং করার জন্য সংশ্লিষ্ট নির্বাহী বৃক্ষপালনবিদগণকে নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী নির্বাহী বৃক্ষপালনবিদগণ কাজ তদারকি করছেন।<br>(২) প্রকল্পের আওতায় কর্তন করা বৃক্ষের স্থলে প্রকল্পের ভৌত অবকাঠামোগত কাজ সমাপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/নির্বাহী প্রকৌশলীগণের চাহিদার প্রেক্ষিতে রাস্তা ফাঁকা থাকা সাপেক্ষে নিয়ম অনুযায়ী বৃক্ষরোপণ কাজ চলমান রয়েছে। প্রকল্প সমাপ্ত হওয়ার পর রোপিত বৃক্ষের পরিচর্যার দায়িত্ব আরবরি কালচারকে দায়িত্ব নেয়ার বিষয়ে সওজ অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের এবং মাইনর খাতের বরাদ্দ হতে বৃক্ষের পরিচর্যা ও রক্ষণাবেক্ষণ করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। | (১) রোপিত বৃক্ষের নিয়মিত পরিচর্যা করতে হবে।<br>(২) প্রকল্পের আওতায় কর্তন করা বৃক্ষের স্থলে নিয়ম অনুযায়ী বৃক্ষরোপন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(৩) প্রকল্প সমাপ্ত হওয়ার পর রোপিত বৃক্ষের পরিচর্যার দায়িত্ব আরবরি কালচারকে প্রদান করতে হবে।<br>(৪) মাইনর খাতের বরাদ্দ হতে বৃক্ষের পরিচর্যা ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/ মনিটরিং টিমের সকল সদস্য/প্রধান বৃক্ষপালনবিদ, সওজ |
| | **ঘ. ল্যান্ডস্কেপিং গাইডলাইন চূড়ান্তকরণ:**<br>উপসচিব (সওজ সংস্থাপন-২) শাখা জানান যে, NDC ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট হতে পত্র প্রাপ্তির পর প্রণীত খসড়া ল্যান্ডস্কেপিং গাইডলাইনটি পর্যালোচনা/মতামতের জন্য দ্রুত পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। | প্রণীত খসড়া ল্যান্ডস্কেপিং গাইডলাইনটি পর্যালোচনা/ মতামতের জন্য ২০ মে ২০২৫ তারিখের মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | উপসচিব (সওজ সংস্থাপন-২) |
| | **ঙ. টোল আদায়:**<br>(১) উপসচিব (টোল ও এক্সেল) জানান, বন্ধ টোলপ্লাজাসমূহ হতে টোল আদায়ের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে স্থানীয় পুলিশ বিভাগকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য ১১ মার্চ ২০২৫ তারিখ জননিরাপত্তা বিভাগে পত্র দেওয়া হয়েছে।<br>(২) মন্ত্রণালয়ের মনিটরিং টিমের সদস্যগণ অধিভুক্ত এলাকা পরিদর্শণের সময় টোল প্লাজাসমূহ পরিদর্শনের জন্য ১২ মার্চ ২০২৫ তারিখ টিমের সকল সদস্যকে পত্র দেওয়া হয়েছে।<br>সভায় আরো আলোচনা হয় যে, টোল আদায়ের মাধ্যমে সরকারে একটি নির্দিষ্ট পরিমান রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা রয়েছে। তাই বর্তমানে সকল টোল প্লাজা বন্ধ রয়েছে তা চালুর জন্য সর্বাত্তক | (১) বন্ধ টোলপ্লাজাসমূহ চালু করতে প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।<br>(২) মন্ত্রণালয়ের মনিটরিং টিমের সদস্যগণকে অধিভুক্ত এলাকা পরিদর্শণের সময় টোল প্লাজাসমূহ পরিদর্শন | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>প্রচেষ্টা গ্রহণের জন্য করার জন্য সভাপতি প্রধান প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।</td><td>করতে হবে এবং সংশ্লিষ্ট শাখা এ প্রতিবেদন সমন্বয় করে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবেন।</td><td></td></tr>
<tr><td></td><td>চ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত ৩২টি সড়ক বিভাগের তালিকা ও গেজেটের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি পাওয়া মাত্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমির যেগুলোর নামজারি হয়নি সে বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>(১) জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(২) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমির যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নিতে হবে।<br>(৩) বকেয়া ভূমি কর পরিশোধের দ্রুত ব্যবস্থা করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (এস্টেট)/ প্রধান প্রকৌশলী, সওজ/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা</td></tr>
<tr><td></td><td>ছ. Smart Case Management System:<br>যুগ্মসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলা Smart Case Management System-এ মামলার প্রাপ্ত সকল তথ্য সিস্টেমে আপডেটের কার্যক্রম অব্যাহত রয়েছে। সংস্থাভিত্তিক হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান সভায় উপস্থাপন করা হয়:
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থা</th><th>মামলার সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৪১৭</td><td rowspan="6">মামলাসমূহ উচ্চ আদালত সংশ্লিষ্ট</td></tr>
<tr><td>০২</td><td>বিআরটিএ</td><td>২৯৩</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>২৯</td></tr>
<tr><td>০</td><td>ডিটিসিএ</td><td>২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএ ট সিএল</td><td>৫</td></tr>
<tr><td>০৬</td><td>ঢাকা বিআরটি</td><td>১</td></tr>
<tr><td colspan="2">মোট</td><td>৭৪৭</td><td></td></tr>
</table></td><td>(১) মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>জ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল. নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এর স্মারক নং-৭৩১(সং), তারিখ ১৬ এপ্রিল ২০২৩ এর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা মহোদয়ের বরাবর মূল নথি প্রেরণ করা হয়।</td><td>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে ফয়দাবাদ, জে.এল.নং-১৪ (সিটি জরিপ) সিমৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের বিষয়ে সংশ্লিষ্ট এসিল্যান্ড অফিস এবং জেলাপ্রশাসকের কার্যালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে এবং দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td></td><td>ঝ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা সিটি জরিপে জনৈক রেজাউল করিমের নামে করানো হয়। উক্ত জায়গা উদ্ধারের বিষয়ে বিজ্ঞ জেলা জজ আদালতে আপীল দায়েরের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী জনাব এসএম জহুরুল ইসলামকে তাগিদ দেওয়া হয়েছে।</td><td>(১) তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের আইনি প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঞ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গেছে। তন্মধ্যে ৬টি মামলা উচ্চ আদালতে, ৬টি মামলা নিম্ন আদালতে। ইতোমধ্যে ৩টি মামলা নিষ্পত্তি হয়েছে। ১টি মামলা সওজ অধিদপ্তর সংশ্লিষ্ট নয়। অপর ২টি মামলার কার্যক্রম পরিচালনার জন্য প্যানেল আইনজীবীকে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণের উদ্দেশ্যে দ্রুত দায়েরকৃত মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে আইনী কার্যক্রম ও প্যানেল আইনজীবীর সাথে যোগাযোগ রাখতে হবে এবং নিয়মিত</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | তদারকি করতে হবে। | |
| | **ট. অবৈধ স্থাপনা অপসারণ:**<br>সওজ অধিদপ্তর হতে প্রাপ্ত মার্চ ২০২৫ পর্যন্ত ভূমির পরিমান, উদ্ধারকৃত ভূমির পরিমান এবং সওজ ভূমিতে বিদ্যমান অবৈধ স্থাপনার সংখ্যা ও উচ্ছেদের তথ্য নিম্নরূপ:<br>অবৈধ স্থাপনা ও অপসারণের তথ্য:<br>উদ্ধারকৃত ভূমির পরিমান (শতাংশ): ২২৭৩.৭২ ; উচ্ছেদকৃত অবৈধ স্থাপনার সংখ্যা: ২২০৩<br>অবৈধ বিলবোর্ড স্থাপন ও অপসারণের তথ্য:<br>অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা (মার্চ'২৫ মাস পর্যন্ত): ২৩৯৭ ; মার্চ'২৫ মাসে উচ্ছেদকৃত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড-এর সংখ্যা: ১৩৪ ; হালনাগাদ অবৈধভাবে স্থাপিত বিলবোর্ড/বিজ্ঞাপন বোর্ড এর সংখ্যা: ২২৬৩<br>অবৈধ উচ্ছেদ কার্যক্রম অব্যাহত এবং উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিকভাবে সংশ্লিষ্ট সড়ক বিভাগকে বুঝে নেয়া এবং দখলে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা তাৎক্ষনিক বুঝে নিতে হবে এবং দখলে রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(৩) ঢাকা সড়ক জোনসহ সকল সড়ক বিভাগের আওতাধীন মহাসড়কে অবৈধভাবে ব্যক্তি মালিকানাধীন ভূমিতে স্থাপিত সংযোগ সড়ক উচ্ছেদে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব সচিব (এস্টেট)/ এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **ঠ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :**<br>প্রধান প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহারের ক্ষেত্রে যানবাহনের RFID ট্যাগটি সক্রিয় চলমান আছে কিনা তা টোল বুথ থেকে জানিয়ে দেয়ার বিষয়টি অব্যাহত রয়েছে। এছাড়া, ইটিসি ব্যবহারে আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো প্রচারের লক্ষ্যে MFS ও ব্যাংকসমুহের নিজস্ব উদ্যোগ ও ব্যবস্থাপনায় বিজ্ঞাপন প্রচার করা হচ্ছে। ETC এর মাধ্যমে টোল আদায়ের বিষয়ে সিনিয়র সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন যে, বিডিবিএল ও উপায় এর মাধ্যমে ফেব্রুয়ারি ২০২৫ পর্যন্ত প্রায় ৩৬ হাজার ২৬৫টি গাড়ী ETC সিস্টেমে যুক্ত হয়েছে। ETC এর মাধ্যমে টোল আদায় কার্যক্রমে যুক্ত হওয়া জন্য ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS) আগ্রহ প্রকাশ করেছে। উক্ত প্রতিষ্ঠানসমূহকে যুক্ত করা হলে ETC-তে গাড়ীর সংখ্যা বৃদ্ধি পাবে এবং সরকারের রাজস্ব আয় বৃদ্ধি পাবে। বিষয়টি পর্যালোচনাপূর্বক অর্থিক প্রতিষ্ঠানসমূহকে যুক্ত করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার বিষয়টি পর্যালোচনা করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) ইটিসি ব্যবহারে আর্থিক সুবিধাসহ অন্যান্য সুবিধার বিষয়গুলো উল্লেখ করে দৈনিক পত্রিকা, MFS ও ব্যাংকসমুহের নিজস্ব উদ্যোগ ও ব্যবস্থাপনায় বিজ্ঞাপন প্রচার অব্যাহত রখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি) |
| | **ড. পেট্রোল পাম্পে প্রবেশ ও বহির্গমনের জন্য সওজ এর ভূমি ব্যবহারের ইজারা মূল্য প্রদান:**<br>সিনিয়র সহাকারী সচিব (সম্পত্তি) জানান, যে সকল প্রতিষ্ঠান ইজারা নবায়ন করেনি তার তালিকা এবং অনুমোদনহীন রিফুয়েলিং স্টেশনের পৃথক তালিকা আলাদাভাবে প্রেরণের জন্য সওজ অধিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। তালিকা প্রাপ্তির পর এ বিষয়ে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | কোন কোন প্রতিষ্ঠান ইজারা নবায়ন করেনি তার তালিকা এবং অনুমোদনহীন পেট্রোল পাম্পের তালিকা সওজ অধিদপ্তর হতে আলাদাভাবে আগামী ২০.০৫.২০২৫ তারিখে মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (এস্টেট) |
| | **ণ. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫**<br>উপসচিব (রক্ষণাবেক্ষণ) জানান, সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর খসড়া সওজ অধিদপ্তর হতে পাওয়া গিয়েছে। অদ্যাই ২৮.০৪.২০২৫ তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিতে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দ্রুত খসড়া নীতিমালাটি চূড়ান্ত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর খসড়া দ্রুত চূড়ান্ত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| ৫. | **<u>বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)</u>**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদানকালীন পরীক্ষা গ্রহণ:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান, বর্তমানে ড্রাইভিং লাইসেন্স পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থীদের বায়োমেট্রিক হাজিরা গ্রহণের মাধ্যমে উপস্থিতি নিশ্চিত করা হয়। প্রার্থীদের পরীক্ষা গ্রহণের লক্ষ্যে মেট্রোপলিটন এলাকার জন্য অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে সিভিল সার্জনের প্রতিনিধিসহ ০৬ সদস্য বিশিষ্ট এবং জেলা এলাকার জন্য ০৫ সদস্য বিশিষ্ট বোর্ডের মাধ্যেমে যাচাই-বাচাই কার্যক্রম পরিচালিত হচ্ছে। | ড্রাইভিং লাইসেন্স প্রদানে প্রার্থীদের যথাযথভাবে পরীক্ষা গ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/সংশ্লিষ্ট বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট |
| | **গ. QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট:**<br>সহকারী সচিব (বিআরটিএ সংস্থাপন) জানান, PVC কার্ডে ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং করার বিষয়ে বিএমটিএফ এর প্রস্তাবের প্রেক্ষিতে প্রয়োজনীয় তথ্য প্রেরণের জন্য ২৫ মার্চ ২০২৫ তারিখ বিআরটিএ বরাবর পত্র দেওয়া হয়েছে। | PVC কার্ডে QR কোডযুক্ত ই-ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং করার প্রস্তাবের বিষয়ে প্রয়োজনীয় তথ্য দ্রুত | চেয়ারম্যান, বিআরটিএ/যুগ্মসচিব (বিআরটিএ) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>বিআরটিএ হতে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।</td><td></td></tr>
<tr><td></td><td>ঙ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:<br>(১) সভায় আলোচনা হয় যে, মিরপুরে স্থাপিত ভিআইসি কেন্দ্রে দৈনিক ১২০০ যানবাহন পরীক্ষা করার সুযোগ থাকলেও সেখানে ১৫০/২০০টি যানবাহন ফিটনেস পরীক্ষার জন্য আসে। অত্যাধুনিক ও নিখুঁতভাবে এখানে পরীক্ষা করা হয় বিধায় আনফিট হওয়ার ভয়ে অনেকেই এখানে যানবহান নিয়ে আসেন না। অনেকেই ম্যানুয়াল পদ্ধতিতে ফিটনেস পরীক্ষা করাতে আগ্রহী থাকে। কেননা অনেক সময় যানবাহনে ত্রুটি থাকলেও খুব সহজেই ফিটনেস পেতে পারেন। ফিটনেস গ্রহণের জন্য ভিআইসি কেন্দ্রে আসতে যানবানহনের মালিকদের উদ্বুদ্ধ করতে বিআরটিএকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।<br><br>(২) চেয়ারম্যান, বিআরটিএ জানান, বন্ধ থাকা ভিআইসি চালু করার লক্ষ্যে PDPP প্রস্তুতপূর্বক ১৫.১২.২০২৪ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে।<br><br>(৩) World Bank এর আর্থিক সহযোগিতায় নতুন করে ১০টি ভিআইসি স্থাপনের লক্ষ্যে গত ১২.১২.২০২৪ তারিখে PDPP সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রেরিত PDPP এর উপর পরবর্তী কার্যক্রম হিসেবে DPP প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। Bangladesh Clean Air Prpject (BCAP) এর আওতায় ১০টি ভিআইসি'র পরিবর্তে বর্তমানে ০৭ (সাত)টি ভিআইসি স্থাপননের কার্যক্রম নতুনভাবে নির্ধারন করা হয়েছে এবং এ সংক্রান্ত সংশোধিত DPP প্রস্তুতের জন্য গত ১৩ এপ্রিল ২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার কার্যবিবরণী প্রস্তুত হলে সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হবে।</td><td>(১) মিরপুর ভিআইসি এর মাধ্যমে যানবাহনের ফিটনেস গ্রহণের জন্য ভিআইসি কেন্দ্রে আসতে যানবানহনের মালিকদের উদ্বুদ্ধ করতে বিআরটিএকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(২) সারাদেশে পর্যায়ক্রমে VIC স্থাপনের জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রক্রিয়াকরণ করতে হবে।<br>(৩) বন্ধ থাকা ভিআইসি চালু করার লক্ষ্যে বিআরটিএ হতে এ বিভাগে প্রাপ্ত PDPP এর ওপর পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৪) ০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের লক্ষ্যে সভার সিদ্ধান্ত অনুযায়ী DPP সংশোধন করতে হবে।</td><td>চেয়ারম্যান, (বিআরটিসি/ বিআরটিএ)/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)</td></tr>
<tr><td></td><td>চ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:<br>(১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। মার্চ ২০২৫ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরূপ:<br><table><tr><th>দুর্ঘটনার সংখ্যা</th><th>নিহতের সংখ্যা</th><th>আহতের সংখ্যা</th></tr><tr><td>৪৬৩</td><td>৪৪২</td><td>৪৪৭</td></tr></table>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে।<br><br>(৩) বিআরটিএর সড়ক নিরাপত্তা কার্যক্রম বিষয়ে সভাপতি জানতে চাইল চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, রোডশো, সচেতনাতামূলক লিফলেট বিতরণ ও স্কুলের ছাত্রছাত্রীদের সচেতন করতে স্কুল পর্যায়ে সেমিনার আয়োজন করা হচ্ছে। এছাড়া, রোড সেফটি প্রকল্পের আওতায় বিআরটিসি এর মাধ্যমে ৭,০০০ জনকে ড্রাইভার প্রশিক্ষণ প্রদান করা হবে। এক্ষেত্রে সরকারি ক্রয় সংক্রান্ত কমিটির অনুমোদন সাপেক্ষে বিআরটিসি'র সাথে MoU স্বাক্ষর হবে। প্রশিক্ষণের বিষয়ে বিআরটিসি'র সাথে আলোচনা চলছে।<br><br>(৪) সড়ক নিরাপত্তা শাখা হতে জানানো হয়েছে, সড়ক নিরাপত্তা আইন প্রণয়নের লক্ষ্যে মতামত দেওয়া জন্য সাব কমিটি গঠন করা হয়েছে। ইতোমধ্যে কমিটির ০২টি সভা অনুষ্ঠিত হয়েছে। শীঘ্রই পূর্ণাঙ্গ মতামত মূল কমিটির নিকট দাখিল করা হবে।<br><br>(৫) জাতীয় সড়ক নিরাপত্তা কমিটির সভা নিয়মিত আয়োজনের জন্য চেয়ারম্যান, বিআরটিএকে পরামর্শ প্রদান করা হয়।<br><br>(৬) সওজ অধিদপ্তর হতে জানানো হয়েছে, ঢাকার গুরুত্বপূর্ণ মহাসড়কসহ দেশের সকল মহাসড়কে সকল ধরণের সাইন সিগনাল স্থাপনের কাজ দ্রুততার সাথে শেষ করার জন্য মাঠপর্যায়ে নির্দেশনা দেয়া হয়েছে।</td><td>(১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে।<br>(২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য গুরুত্বপূর্ন স্পট ও জনসমাগমপূর্ণ এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(৩)(ক) রোডশো, সচেতনাতামূলক লিফলেট বিতরণ ও স্কুলের প্রোগ্রাম অব্যাহত রাখতে হবে।<br>(৩)(খ) বিআরটিসি'র মাধ্যমে ৭,০০০ জনকে ড্রাইভার প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে দ্রুত কার্যক্রম শুরু করতে হবে।<br>(৪) সড়ক নিরাপত্তা আইনের খসড়া দ্রুত চূড়ান্ত করতে হবে।<br>(৫) জাতীয় সড়ক নিরাপত্তা কমিটির সভা নিয়মিত আয়োজন করতে হবে।<br>(৬) ঢাকার গুরুত্বপূর্ণ মহাসড়কসহ দেশের সকল মহাসড়কে সকল ধরণের সাইন সিগন্যাল স্থাপনের কাজ দ্রুত শেষ করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিএ/ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (বিআরটিএ/রোড সেফটি)</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | |
| | **খ. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>চেয়ারম্যান, বিআরটিএ সভাকে অবহিত করেন যে, বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেটগণ কর্তৃক অধিভুক্ত এলাকায় ও জাতীয় মহাসড়কে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত আছে। মার্চ/২৫ মাসে অবৈধ মোটরযান চলাচলের বিরুদ্ধে ২৩৫৬টি মামলায় ৫৬,৩৬,১৪০/- টাকা জরিমানা আদায় করা হয়। | বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ) |
| | **গ. স্ক্র্যাপ নীতিমালা:**<br>চেয়ারম্যান, বিআরটিএ জানান যে, স্ক্র্যাপ নীতিমালা চূড়ান্ত করার লক্ষ্যে ১৩ মার্চ ২০২৫ তারিখ একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। পুনরায় এ বিষয়ে আরো একটি সভা আয়োজন করা হবে। | দ্রুত স্ক্র্যাপ নীতিমালা চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান (বিআরটিএ) যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঘ. গাড়ীতে আরএফআইডি ট্যাগ স্থাপন:**<br>চেয়ারম্যান, বিআরটিএ সভাকে জানান যে, গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত আছে। গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত আছে। মার্চ/২০২৫ মাসে ৩২,০৬৯ সেট রেট্রো- রিফ্লেক্টিভ নম্বরপ্লেট ও আরএফআইডি ট্যাগ মোটরযানে সংযোজন করা হয়েছে। | গাড়িতে আরএফআইডি ট্যাগ সংযোজন কার্যক্রম অব্যাহত রাখতে হবে | চেয়ারম্যান, বিআরটিএ/ /যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **ঙ. ইলেকট্রিক মোটরযানের উপর সারচার্জ আরোপ:**<br>সহকারী সচিব (বিআরটিএ) সভাকে অবহিত করেন যে, বিআরটিএ-এর প্রস্তাবের প্রেক্ষিতে ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে NBR বরাবর গত ২৭ নভেম্বর ২০২৪ তারিখ পত্র দেওয়া হয়েছে। এ বিষয়ে NBR হতে এর কোনো জবাব না পাওয়া ১৫ এপ্রিল ২০২৫ তারিখ তাগিদপত্র দেওয়া হয়েছে। | ইলেক্ট্রিক মোটরযানের ওপর পরিবেশ সারচার্জ আরোপ না করার বিষয়ে NBR এর সাথে পুনরায় যোগাযোগ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/যুগ্মসচিব (বিআরটিএ) |
| | **চ. বিআরটিএর সেবা সংশ্লিষ্ট সফটওয়্যার ডাটাবেইজ বিআরটি'র নিয়ন্ত্রণে আনা:**<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান যে, বিআরটিএ'র যে সকল সেবা সংশ্লিষ্ট সফটওয়্যার ডাটাবেইজ বিভিন্ন ভেন্ডর প্রতিষ্ঠান ও অনান্য প্রতিষ্ঠানের কাছে আছে তা বিআরটিএ'র নিয়ন্ত্রণে আনার জন্য ইতোমধ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল(বিসিসি) কর্তৃক পরিচালিত ন্যাশনাল ডাটা সেন্টারে BRTA-IS, MVATX এবং BSP সিস্টেম এর ডাটাবেইজ এর মিরর তৈরি করা হয়েছে এবং একইভাবে অন্যান্য সিস্টেমের ডাটাবেইজ এর মিরর তৈরি প্রক্রিয়াধীন। আগামী ১৫ দিনের মধ্যে সকল ডাটাবেইজ নিয়ন্ত্রণের আনার জন্য চেয়ারম্যান, বিআরটিএ ও এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্টকে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | বিভিন্ন ভেন্ডর প্রতিষ্ঠান ও অন্যান্য প্রতিষ্ঠানের নিকট থেকে বিআরটিএ'র সকল সেবা সংশ্লিষ্ট সফটওয়্যার ডাটাবেইজ আগামী ১৫ দিনের মধ্যে বিআরটিএ'র নিয়ন্ত্রণে আনতে হবে। | চেয়ারম্যান (বিআরটিএ)/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিআরটিসি-এর নিজস্ব সক্ষমতায় গাড়ি প্রস্তুত করার লক্ষ্যে ইঞ্জিনসহ চেসিস ক্রয় করার লক্ষ্যে ০২টি পত্রিকায় (মানবজমিন ও Business Standard) পুনরায় দরপত্র বিজ্ঞপ্তি আহবান করা হয়েছে। দরপত্রসমূহ উম্মুক্ত করা হয়েছে। মূল্যায়ন শেষে ঠিকাদার নির্বাচনপূর্বক কার্যাদেশ প্রদান করো হবে। | ঠিকাদার নির্ধারণপূর্বক দ্রুত চেসিস ক্রয় করে আগামী ২ মাসের মধ্যে গাড়ী প্রস্তুত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি |
| | **খ. পরিচালনা পরিষদ:**<br>সিনিয়র সহকারী সচিব (বিআরটিসি) জানান যে, বিআরটিসি'র পরিচালনা পরিষদ গঠন করে ইতোমধ্যে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দেয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | এজেন্ডাটি আগামী সমন্বয় সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) |
| ৭. | **ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:**<br>**ক. Special Purpose Company (SPC) গঠন:**<br>ডিটিসিএ'র প্রতিনিধি জানান যে, র‍্যাপিড পাস ও ক্লিয়ারিং হাউজ সিস্টেমের কার্যপদ্ধতি ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিষয়ে কার্যক্রম চলমান আছে। নিয়মমাফিক Papid Pass কার্ড সরবরাহ নিশ্চিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) র‍্যাপিড পাস ও ক্লিয়ারিং হাউজ সিস্টেমের কার্যপদ্ধতি ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্ধারণ করতে হবে।<br>(২) নিয়মমাফিক Papid Pass কার্ড সরবরাহ নিশ্চিত করতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ) |
| | **খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫:**<br>সভাকে অবহিত করা হয় যে, বাস পরিবহন সেবা পরিচালনা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ) বিধিমালা-২০২৫ এর খসড়ার ওপর সর্বশেষ গত ১৩ মার্চ ২০২৫ তারিখ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৫ চূড়ান্ত করতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/যুগ্মসচিব (ডিটিসিএ) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | | | |
| | **গ. ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৫**<br>ডিটিসিএ'র উপপরিচালক (প্রশাসন), জানান যে, ভবিষ্য তহবিল প্রবিধানমালা ২০২৫ এর খসড়া ৭ এপ্রিল ২০২৫ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় উপস্থাপন করা হয়েছে। সভাপতি মহোদয়ের এক প্রশ্নের জবাবে তিনি জানান কর্মচারীদের জন্য ইতোপূর্বে সিপিএফ ব্যবস্থা চালু করা হয়েছে। জিপিএফ ও সিপিএফ একই সাথে চালু রাখা যাবে কিনা তা ভালো করে পর্যালোচনা করার জন্য সভাপতি এ বিভাগ ও ডিটিসিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। | ডিটিসিএ'র কর্মকর্তা/ কর্মচারীদের জন্য জিপিএফ ও সিপিএফ সুবিধা একই সাথে চালু রাখা যাবে কিনা তা ভালো করে পর্যালোচনা করে দেখতে হবে। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/নির্বাহী পরিচালক, ডিটিসিএ |
| ৮. | **ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)**<br>**মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট বিষয়ে সিদ্ধান্ত:**<br>পরিচালক (প্রশাসন), ডিএমটিসিএল জানান যে, মেট্রোরেলে QR কোডযুক্ত কাগজের টিকিট চালু করার বিষয়টি প্রক্রিয়াধীন। | সিঙ্গেল জার্নি টিকেট চালুর বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করে দ্রুত সিদ্ধান্ত নিতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |
| ৯. | **ঢাকা বিআরটি :**<br>**ক বিআরটি বাস টার্মিনালের জায়গা নির্ধারণ:**<br>কোম্পানি সচিব, ঢাকা বিআরটি জানান যে, ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটির সাথে যোগাযোগ অব্যাহত আছে। বাংলাদেশ রেলওয়ের প্রস্তাব অনুযায়ী এয়ারপোর্ট স্টেশন এলাকার বিকল্প হিসেবে নবরূপা এলাকায় এয়ারপোর্ট ৩য় টার্মিনাল-এর বিপরীতে এলিভেটেড এক্সপ্রেসওয়ের র‍্যাম্প এর নিচে পিয়ার ০৪ হতে পিয়ার ১১ পর্যন্ত জায়গায় সার্ভে করে পার্কিং লে-আউট প্রস্তুত ও ভেহিক্যাল ট্র্যাকিং সফটওয়্যারের মাধ্যমে বাস টার্নিং-এর পরিবীক্ষণ কাজ চলমান। বাস টার্নিং ও এন্ট্রি-এক্সিট প্ল্যান কার্যকর হলে উক্ত জায়গার জন্য অন্যান্য দপ্তর/সংস্থা থেকে রাইট অব ওয়ে চাওয়া হবে। | বিআরটি বাস টার্মিনালের জায়গা পেতে ভূমি ব্যবহার পরিকল্পনা প্রণয়ন কমিটি ও রেলপথ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি/অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় |
| | **খ. ঢাকা বিআরটি কোম্পানি লিমিটেড এর অর্গানোগ্রাম চূড়ান্তকরণ:**<br>মানব সম্পদ স্পেশালিষ্ট কর্তৃক প্রাথমিক অর্গানোগ্রাম কোম্পানির নিকট দাখিল করা হয়েছে। যাচাই-বাছাই কার্যক্রম অব্যাহত আছে। শীঘ্রই এ বিষয়ে সভা আয়োজন করা হবে। | আগামী ১ মাসের মধ্যে জনবলের অর্গানোগ্রাম চূড়ান্ত করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বিআরটি |
| | **গ. অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে বিআরটিসির সাথে MoU স্বাক্ষর:**<br>কোম্পানি সচিব, ঢাকা বিআরটি জানান, অন্তর্বর্তীকালীন বাস অপারেটর হিসেবে পরিচালনার জন্য অঙ্কভিত্তিক ব্যয় বিবরণী বিআরটিসি হতে পাওয়া গিয়েছে। অঙ্কভিত্তিক ব্যয় বিবরণী পর্যালোচনাপূর্বক কোম্পানির পর্ষদ সভায় উপস্থাপন করে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | খাতভিত্তিক ব্যয় বিভাজন কোম্পানির পর্ষদ সভায় উপস্থাপন করতে হবে এবং দ্রুত MoU চূড়ান্ত করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিআরটি)/অতিরিক্ত সচিব( আরবান ট্রান্সপোর্ট) |
| | **ঘ. বিআরটিএর করিডোরে টোল আদায়:**<br>বিআরটি করিডোরে টোল আদায়ের লক্ষ্যে স্থান নির্বাচন, অপারেটর নিয়োগ, টোল নির্ধারণ বিষয়ে সভায় আলোচনা হয়। গত ১৭.০৪.২০২৫ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি টোল হার নির্ধারণ বিষয়ে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। | বিআরটি করিডোরে টোল আদায়ের বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী পরিচাল (ডিটিসিএ)/ প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট) ব্যবস্থাপ- পরিচাল (ঢাকা বিআরটি)/উপসচি (টোল ও এক্সেল) |
| ১০ | **সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>**ক. Grivance Redress System (GRS):**<br>জিআরএস ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, মার্চ ২০২৫ মাসে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটের মাধ্যমে ৩৮টি অভিযোগ/মতামত পাওয়া গেছে। পূর্ববর্তী ৫টিসহ মোট ৪৩টি অভিযোগ/মতামতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা বরাবরে প্রেরণ করা হয়েছে। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয় সিস্টেম এনালি |
| | **খ. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)**<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, এপিএ কার্যক্রম আপাতত স্থগিত আছে। এপিএ'র যে লক্ষ্যমাত্রা রয়েছে সেগুলো বাস্তাবয়ন করা হবে কিনা সে বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা পেলে তা সকলকে জানানো হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | এপিএ বাস্তবায়ন বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা জানতে হবে। | এপিএ টিম লিড আরটিএইচডি ফোকাল পয়ে কর্মকর্তা |
| | **গ. Public Service Innovation:**<br>(১) সওজ অধিদপ্তর হতে জানানো হয়েছে, আয়রণ স্ল্যাগ ব্যবহারের নিমিত্ত সড়ক গবেষণাগার হতে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে সম্ভাব্যতা পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। | (১) সড়ক নির্মাণে আয়রন স্ল্যাগ ব্যবহারের সম্ভাব্যতা পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করে | প্রধান প্রকৌশ সওজ অধিদ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (২) মেট্রোরেলে QR কোডভিত্তিক অনলাইন ও পেপার বেইজ টিকেট/সিস্টেম চালুর বিষয়ে উদ্ভাবনী ধারণাটি এ বিভাগের প্রতিনিধি, ডিটিসিসিএ ও ডিএমটিসিএল'র প্রতিনিধির সমন্বয়ে পরীক্ষা-নিরীক্ষা করে বাস্তবায়নের কার্যক্রম অব্যাহত আছে। ইতোমধ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উপস্থিতে ডিটিসিএতে গত ১৯.০৩.২০২৫ তারিখে ডেমো প্রদর্শন করা হয়েছে। এ বিষয়ে এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান যে প্রায় ২ লক্ষ MRT Pass/Rapid Pass কার্ড মিসিং আছে। যার মূল্য প্রায় ৬ কেটি টাকা। এ সমস্যা উত্তরণের জন্য QR কোডভিত্তিক অনলাইন ও পেপার বেইজ টিকেট/সিস্টেম চালু করা জরুরী। | পরবর্তী কার্যক্রম শুরু করতে হবে।<br>(২) QR কোডভিত্তিক অনলাইন ও পেপার বেইজ টিকেট/সিস্টেম ধারনাটি পরীক্ষা-নিরীক্ষা ও সকল দিক পর্যালোচনা করে বাস্তবায়নের উদ্যোগ নিতে হবে। | নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ ব্যবস্থাপনা পরিচাল (ডিএমটিসিএল) |
| | **ঘ. টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) বাস্তবায়ন:**<br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা ও পরিসংখ্যান) জানান যে, এ বিভাগের সকল কর্মকর্তাদের নিয়ে মে ২০২৫ মাসে এসিডিজি বিষয়ক একটি কর্মশালা আয়োজন করা হবে। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-তে এ বিভাগের টার্গেট ও ইন্ডিকেরসমূহ সংশ্লিষ্ট সকলকে অবহিত ও তা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | সভার সিদ্ধান্ত অনুযায়ী এসডিজি বাস্তবায়নে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/পরিকল্পনা (উইং)/এসডিজি বিষয়ক কর্মকর্তা |
| | **ঙ. ই-নথি/ডি-নথি বাস্তবায়ন কার্যক্রম:**<br>সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, সওজ অধিদপ্তরের মাঠ পর্যায়ে অফিসসমূহকে ডি-নথির আওতায় আনার লক্ষ্যে এটুআই এর সাথে যোগাযোগ হয়েছে। টেকনিক্যাল সমস্যা থাকায় মাঠ পর্যায়ে চালু করতে বিলম্ব হচ্ছে। | সওজ অধিদপ্তরের মাঠ পর্যায়ে অফিসসমূহকে ডি-নথির আওতায় আনার লক্ষ্যে এটুআই এর সাথে যোগাযোগ রাখতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ১১. | **বিবিধ**<br>**ক. উপদেষ্টা পরিষদ বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>সভায় জানানো হয়, উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধন্তসমূহ গুরুত্বের সাথে বিবেচনা করে তা বাস্তবায়নের পদক্ষেপ নিতে হবে। সিদ্ধান্তসমূহ আলাদা সংরক্ষণের নিমিত্ত আলাদা গার্ড ফাইল প্রস্তুত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। উইং প্রধানকে এ বিষয়ে প্রতিমাসে ফলোআপ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্তসমূহ গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে এবং উইং প্রধানকে এ বিষয়ে প্রতিমাসে ফলোআপ করতে হবে।<br>(২) উপদেষ্টা পরিষদ বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নে উইং/অধিশাখা/শাখা হতে কার্যক্রম গ্রহণ করতে হবে। | কর্মকর্তা (সকল)<br><br>অতিরিক্ত সচিব/ সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) |
| | **খ. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব আসফিয়া সুলতানা, উপসচিব জানান, ২০২৪-২৫ অর্থবছরের দপ্তর/সংস্থার ইন্টার্নশীপ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করা হচ্ছে। ২৭ মার্চ ২০২৫ তারিখ এ বিভাগে ০১ জন ইন্টার্ন যোগদান করেছেন এবং তিনি জনাব এস এম মাহবুব আলম, যুগ্মসচিব এর তত্ত্বাবধানে নিয়োজিত আছেন। তত্ত্বাবধান কর্মকর্তার নির্দেশনা অনুযায়ী বর্তমানে তিনি সওজ অধিদপ্তরে এ্যাসাইনমেন্ট এর কাজ করছেন। | (১) দপ্তর/সংস্থার ইন্টার্নশীপ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করতে হবে।<br>(২) এ বিভাগে নিয়োজিত ইন্টার্নকে সুপারভাইজর এর তত্ত্বাবধায়নে নিয়োজিত রেখে সংশ্লিষ্ট কাজের সাথে সম্পৃক্ত করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/জনাব এস, এম মাহবুব আলম যুগ্মসচিব ও সুপার /জনাব আসফিয়া সুলতানা, উপসচিব, ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **গ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>(১) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রকৌশলগত বিষয়ে ব্যবহারিক শিক্ষা প্রদানের উদ্দেশ্যে এবং উদ্ভাবনী ধারণা (যেমন: আয়রণ স্ল্যাগ ব্যবহার) অন্তর্ভুক্ত করে খসড়া নীতিমালা তৈরী করা হয়েছে। নীতিমালা পরিক্ষা নিরীক্ষার জন্য অভিজ্ঞ কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়েছে।<br><br>(২) চেয়ারম্যান, বিআরটিসি জানান যে, বিআরটিসিতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান। | (ক) বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রকৌশলগত বিষয়ে ব্যবহারিক শিক্ষা প্রদান এবং উদ্ভাবনী ধারণা অন্তর্ভুক্ত করে সড়ক নির্মাণ ব্যয় হ্রাসকরণ বিষয়ে প্রস্তুতকৃত নীতিমালা যাচাই-বাছাই করে আগামী সভার পূর্বেই এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/প্রধান প্রকৌশলী, সওজ |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (৩) ডিটিসিএ'র প্রতিনিধি জানান, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সিভিল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষার্থীদের তাত্ত্বিক বিষয়ে অর্জিত জ্ঞানের ব্যবহারিক প্রয়োগের সুযোগ সৃষ্টির লক্ষ্যে পরিবহন সংশ্লিষ্ট বিষয়ে বিশেষ লার্নিং সেশনে আমন্ত্রণের জন্য ১০টি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের রেজিষ্টার বরাবর গত ২৭.০৩.২০২৫ তারিখে পত্র দেয়া হয়েছে। ১০টি বিশ্ববিদ্যালয় হতে ৫ জন করে মোট ৫০ জন শিক্ষার্থীকে আমন্ত্রণ জানিয়ে **এপ্রিল ২০২৫** মাসের শেষ সপ্তাহে লার্নিং সেশন আয়োজন করা হবে। | (৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতকরণের লক্ষ্যে বিশেষ লার্নিং সেশন এর আয়োজন করতে হবে। | |
| | **ঘ. সওজ অধিদপ্তরে ইলেক্ট্রিক্যাল বিভাগ চালু:**<br>সওজ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমে ইলেকট্রিক্যাল বিষয়ক ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই এসকল কার্যক্রম সুষ্ঠভাবে ব্যবস্থাপনা ও পরিচালনার জন্য ইলেক্ট্রিক্যাল প্রকৌশলী প্রয়োজন। সওজ অধিদপ্তরে ইলেকট্রিক্যাল বিভাগ চালু করার বিষয়ে সভায় অলোচনা হয়। এ লক্ষ্যে পদসৃজনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সওজ অধিদপ্তর ও এ বিভাগের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাকে নির্দেশনা দেয়া হয়। | সওজ অধিদপ্তরে ইলেকট্রিক্যাল বিভাগ চালুর লক্ষ্যে পদসৃজনসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| | **ঙ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>সিনিয়র সহকারী সচিব (সমন্বয়) জানান, এ বিভাগ ও দপ্তর/সংস্থার ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এ বিভাগ ও দপ্তর/সংস্থার মার্চ'২৫ মাসে ১০ম- ২০তম গ্রেডের কর্মকর্তা/কর্মচারীদের সরকারি কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রদেয় সুবিধাদি, সরকারি কর্মচারীর মৃত্যুবরণ এবং অক্ষমতাজনিত আর্থিক অনুদান প্রদান নীতিমালা ২০২০ (সংশোধিত) বিষয়ে এবং চলমান মাসে বাংলা ভাষা ও বানান রীতির প্রয়োগ, জিআরএস, সচিবালয় নির্দেশমালা এবং ৯ম ও তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের ডি-নথি ও GMES বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে প্রায় শেষ পর্যায়ে তাই প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী যে সমস্ত প্রশিক্ষণ সম্পন্ন হয়নি আগামী ২ মাসের মধ্যে যথাসম্ভব আয়োজনের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, ১০ম ও ৯ম তদূর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের বাজেট ও অডিট বিষয় ও দাপ্তরিক কাজের সাথে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে একটি সংক্ষিপ্ত ক্যালেন্ডার প্রস্তুত করে প্রশিক্ষণ প্রদানের জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | (১) দপ্তর/সংস্থায় প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করতে হবে।<br>(২) এ বিভাগের ২০২৪-২০২৫ অর্থবছরে প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী যে সমস্ত প্রশিক্ষণ সম্পন্ন হয়নি আগামী ২ মাসের মধ্যে যথাসম্ভব আয়োজন করতে হবে।<br>(২) ১০ম ও ৯ম তদূর্ধ্ব গ্রেডের বাজেট ও অডিট বিষয় এবং দাপ্তরিক কাজের সাথে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে একটি সংক্ষিপ্ত ক্যালেন্ডার প্রস্তুত করে প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (বাজেট ও অডিট)/ সি:স:স (প্রশিক্ষণ) |
| | **চ. সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>সিনিয়র সহাকরী সচিব (সমন্বয়) জানান, মন্ত্রিপরিষদ বিভাগের পর্যবেক্ষণ অনুযায়ী এ বিভাগের সংস্কার পরিকল্পনা সংশোধনক্রমে গত ১৮.১২.২০২৪ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে এবং RMS সফটওয়্যারে আপলোড দেয়া হয়েছে। দপ্তর/সংস্থা স্ব স্ব অংশ বাস্তবায়ন করছে। সর্বশেষ বাস্তবায়ন অগ্রগতি দপ্তর/সংস্থা হতে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে সভায় আলোচনা হয় যে এ বিভাগ কর্তৃক প্রণীত সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা বাস্তাবায়নের পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা নিজ কাজের সাথে সংশ্লিষ্ট একটি করে সংস্কার কর্মসূচি গ্রহণ করে তা নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তাবায়ন করবে। | (১) এ বিভাগ কর্তৃক প্রণীত (সংশোধিত) সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন কার্যক্রম চলমান রাখতে হবে এবং প্রতি মাসের ৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(২) প্রত্যেক দপ্তর/সংস্থা তাদের নিজ কাজের সাথে সংশ্লিষ্ট একটি সংস্কার কর্মসূচি গ্রহণ করতে হবে এবং গৃহীত কার্যক্রমের বিষয়ে আগামী সভার পূর্বেই এ বিভাগকে অবহিত করতে হবে। | অতিরিক্ত সচিব (সকল)/ নির্বাহী পরিচালক, ডিটিসিএ/চেয়ারম্যান (বিআরটিএ/ বিআরটিসি)/প্রধন প্রকৌশল,সওজ/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল/ঢাকা বিআরটি)/মুহাম্মদ কামরুল হাসান, যুগ্মসচিব |
| | **ছ. এ বিভাগ কর্তৃক চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ে প্রেরণ:**<br>সভায় আলোচনা হয় যে, প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে নির্দিষ্ট কিছু বিষয়ে তথ্য/প্রতিবেদন দপ্তর/সংস্থা হতে প্রেরণের নির্দেশনা থাকলেও তা নির্ধারিত সময়ের মধ্যে না পাওয়ায় সমন্বিত প্রতিবেদন মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা সম্ভব হচ্ছে না। তাছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগসহ অন্যান্য বিভাগ/মন্ত্রণালয় হতে বিভিন্ন বিষয়ে তথ্য/প্রতিবেদন চাওয়া হয়। এ সকল তথ্য দপ্তর/সংস্থা হতে সঠিক সময়ে না পাওয়া সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা করা যায়না। তাই এ বিভাগ হতে চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণের জন্য দপ্তর/সংস্থা প্রধানদের পরামর্শ প্রদান করা হয়। | এ বিভাগ কর্তৃক চাহিত তথ্য/প্রতিবেদন নির্ধারিত সময়ে আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **ঝ. পেন্ডিং তালিকা প্রেরণ:**<br>সভায় সিনিয়র সচিব বলেন যে, এ বিভাগের প্রেরিত দপ্তর/সংস্থার যে সকল বিষয় পেন্ডিং রয়েছে এবং দপ্তর/সংস্থার কাছে এ বিভাগ হতে প্রেরিত যে সকল বিষয় পেন্ডিং রয়েছে তার তালিকা প্রস্তুত করে আগামী সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | (১) দপ্তর/সংস্থার কাছে এ বিভাগের পেন্ডিং বিষয়ের তালিকা শাখা/অধিশাখা কর্তৃক প্রস্তুত করে উইং প্রধান বরাবর দাখিল করতে হবে এবং তা উইং প্রধানগণ আগামী সভায় উপস্থাপন করবেন।<br>(২) এ বিভাগের কাছে দপ্তর/সংস্থার পেন্ডিং বিষয়ের তালিকা সংস্থা প্রধানগণ আগামী সভায় উপস্থাপন করবেন। | এ বিভাগের সকল কর্মকর্তা এবং দপ্তর/সংস্থা প্রধান (সকল) |
| | **ঞ. নির্মাণকাজ চলাকালে পরিবেশ দূষণ রোধ ও যান চলাচল স্বাভাবিক রাখতে মোবাইল কোর্ট পরিচালনা:**<br>সওজ অধিদপ্তরসহ অন্যান্য সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের নির্মাণকাজ চলাকালে পরিবেশ দূষণ রোধসহ মহাসড়কে যান চলাচলে কোনে প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে বিষয়ে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে সভায় আলোচনা হয়। | বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের নির্মাণকাজ চলাকালে পরিবেশ দূষণ রোধসহ মহাসড়কে যান চলাচল স্বভাবিক রাখতে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |

০৩। আলোচ্যসূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত সম্ভব বাস্তবায়নের অনুরোধ করে সভা সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/-
১৫.০৫.২০২৫
মোঃ এহছানুল হক
সিনিয়র সচিব

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২০ মে ২০২৫ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০২৬.০৬.০০১.২৩-২১১

তারিখঃ ০১ জ্যৈষ্ঠ ১৪৩১
১৫ মে ২০২৫

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

১. চেয়ারম্যান (গ্রেড-১), বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
২. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৩. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৪. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৫. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. প্রধান নির্বাহী কর্মকর্তা, সড়ক রক্ষণাবেক্ষণ তহবিল বোর্ড, নিউ বেইলী রোড, ঢাকা
৯. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১১. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১৩. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৫. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৬. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৫/৫/২৫

তাসলিমা আহমেদ পলি
উপসচিব
☏২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd